

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২৩৫(আগরতলা, ১৭।৪)
বিশ্রামগঞ্জ, ১৭ এপ্রিল ২০১৮

সিপাহীজলা জেলা ভিত্তিক স্ব-সহায়ক দলের কর্মশালা

কেন্দ্রীয় সরকারের ডোনার মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় এবং উত্তর-পূর্বাঞ্চল গ্রামীণ জীবন জীবিকা প্রকল্পের উদ্যোগে গত ১১ এপ্রিল বিশ্রামগঞ্জ মাল্টিপারপাস হলে সিপাহীজলা জেলা ভিত্তিক স্ব-সহায়ক দলের কর্মশালা অনুষ্ঠিত হয়।

এই কর্মশালাতে সিপাহীজলা জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী, অতিরিক্ত জেলা শাসক মানিক লাল দাস, উত্তর-পূর্বাঞ্চলের এন ই আর এল পি-এর প্রজেক্ট অধিকর্তা এইচ কে হাজং সহ বিভিন্ন ব্যাঙ্কের প্রতিনিধি এবং স্বসহায়ক দলের সদস্যগণ উপস্থিত ছিলেন।

কর্মশালায় প্রজেক্ট অধিকর্তা এইচ কে হাজং বলেন, ব্যাঙ্ক ও স্ব-সহায়ক দলের প্রতিনিধিদেরকে যৌথ ভাবে কাজ করতে হবে। স্ব-রোজগারের জন্য বিভিন্ন স্ব-সহায়ক দলকে বাজারের চাহিদা অনুযায়ী বিভিন্ন পণ্য দ্রব্য উৎপাদন করতে হবে। নিজেদের জীবন জীবিকা মানোন্নয়নের জন্য প্রতিযোগিতার বাজারে টিকে থাকতে হলে উৎপাদিত পণ্যের গুণগত মান বাড়াতে হবে। এরজন্য ব্যাঙ্ক থেকে ঋণ পেতে কোন অসুবিধা হবে না। জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, স্ব-সহায়ক দলগুলিকে স্বনির্ভর করার লক্ষ্যে জেলা প্রশাসন থেকেও বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। যাতে করে স্বসহায়ক দলের সদস্যরা স্বনির্ভর হতে পারে। যাতে তাদের নিজেদের দলের যোগ্যতা অর্জন করে ব্যাঙ্ক থেকে ঋণ পেতে কোন অসুবিধা না হয়।

এই কর্মশালাতে জেলার অন্তর্গত ১৪১টি নির্বাচিত স্ব-সহায়ক দলের সদস্যরা উপস্থিত ছিলেন। এখানে উল্লেখ করা যেতে পারে যে, জেলাতে বর্তমানে ৩৫১১টি স্ব-সহায়ক দল রয়েছে। এখন পর্যন্ত বিভিন্ন স্ব-সহায়ক দলের প্রতিনিধিরা ব্যাঙ্কে সঞ্চিত করেছে ২ কোটি ১৯ লক্ষ টাকা। এখন পর্যন্ত স্বসহায়ক দলগুলিকে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সহায়তা করা হয়েছে মোট ৩১ কোটি ৯২ লক্ষ ৩০ হাজার ১১১ টাকা।
